গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

**আগস্ট-২০২৩ মাসের জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক, কুড়িগ্রাম
সভার তারিখ : ৩১ আগস্ট ২০২৩
সভার সময় : বেলা ৩.০০ ঘটিকা
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)।

সভাপতি সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভার আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | সাজেদা ফাউন্ডেশন, কুড়িগ্রাম এর কার্যক্রম নিয়ে আলোচনা | সাজেদা ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সংস্থার কার্যক্রম পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন। সংস্থাটি চিলমারী ও রৌমারী উপজেলার ১৬ টি চরে উপকারভোগীদেরকে ১৬টি গ্রুপে ভাগ করে ১দিন করে উঠান বৈঠক জীবিকায়ন ও সচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠক অনুষ্ঠিত করে থাকে। এছাড়াও, (১) উপকারভোগীদেরকে জলবায়ু সহনশীল কৃষি ভিত্তিক সমাধানের উপর উপজেলা প্রাণিসম্পদ ও উপজেলা কৃষি বিভাগের প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ প্রদান করা হয়। (২) প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের মাঝে হাঁস বিতরণ করা হয়। (৩) ফলের চারা প্রদান করা হয়। (৪) ১১ ধরনের সবজির বীজ, বন্যা সহশীল নলকূপ স্থাপন, স্বাস্থ্য সচেতনতামূলক ক্যাম্প, বুক কর্নার স্থাপন, বই বিতরণসহ বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে মর্মে উপস্থাপনায় জানা যায়। | সংশ্লিষ্ট এনজিও কর্তৃপক্ষ |
| ০২ | উপজেলা পর্যায়ে এনজিও সভা আয়োজন করা | সকল উপজেলায় প্রতি মাসে এনজিও সভা আয়োজন করতে হবে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের অধীনস্থ এলাকায় কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহের তালিকা সংরক্ষণ করবেন এবং এনজিওসমূহ মাসিক সভায় তাদের কার্যক্রমের বিবরণ উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম ও সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৩ | "সর্বজনীন পেনশন স্কিম" বাস্তবায়ন সংক্রান্ত | সভাপতি সভায় জানান যে, সরকার কর্তৃক গৃহিত "সর্বজনীন পেনশন স্কিম" উদ্যোগ বাস্তবায়ন করার জন্য সকলকে একযোগে কাজ করতে হবে। যুগান্তকারী এই পদক্ষেপের মাধ্যমে সকল নাগরিক পেনশন সুবিধার আওতায় আসবে। সর্বজনীন পেনশন স্কিমের বাস্তবায়নের জন্য ব্যাপক প্রচার প্রচারণা কার্যক্রম পরিচালনা করতে হবে। সোনালী ব্যাংকসহ সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে সহযোগিতা ও কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল এনজিও কর্তৃপক্ষ ও সোনালী ব্যাংক, কুড়িগ্রাম |
| ০৪ | সকল এনজিও কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ | সভায় সকল সংস্থাকে ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার নোটিশ ও কার্যবিবরণী ডাউনলোডসহ নির্ধারিত এড্রেসে ইমেইল: (acgenkurigram@mopa.gov.bd) নিজ সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত প্রেরণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল এনজিও কর্তৃপক্ষ |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৫ | এনজিওর নিয়োগ বিজ্ঞপ্তি অবহিতকরণ | জেলায় পরিচালিত এনজিও প্রকল্পসমূহের বিভিন্ন স্তরে নিয়োগের বিষয়ে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে আবশ্যিকভাবে জেলা প্রশাসনকে অবহিত করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৬ | স্যানিটেশন বাস্তবায়নের লক্ষ্যে সকল এনজিওকে অগ্রণী ভূমিকা পালন করা | কুড়িগ্রাম জেলায় শতভাগ স্যানিটেশন বাস্তবায়ন/অর্জনের জন্য সকল এনজিওকে অগ্রণী ভূমিকা পালনসহ সুপেয় পানির অভাব পূরণে কাজ করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৭ | এনজিও উপকার ভোগীদের সন্তানেরা নিয়মিত বিদ্যালয়ে যায় সে জন্য সচেতন করা | বিভিন্ন এনজিওর উপকারভোগীদের সন্তানেরা যাতে নিয়মিত বিদ্যালয়ে যায় সে জন্য তাদেরকে সচেতন করার জন্য অনুরোধ জানানো হয়। বিষয়টিকে সর্বোচ্চ প্রাধান্য দেয়ার জন্য সকল এনজিও/সংস্থাকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৮ | আগামী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন প্রসঙ্গে | টেরেডেস হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রাম আগামী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তাদের কার্যক্রম উপস্থাপন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সংস্থা কর্তৃক সম্পাদিত সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা অর্জন ইত্যাদি বিষয় উপস্থাপন করার পরামর্শ প্রদান করা হয়। | টেরেডেস হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রাম |
| ০৯ | সকল এনজিও প্রকল্পগুলোর বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ | সকল এনজিও তাদের প্রকল্পগুলো নিয়মানুযায়ী/নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করবেন এবং প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| অন্যান্য এনজিও তাদের কার্যক্রম সম্পর্কে সভায় সংক্ষেপে অবহিত করে যা এতদসঙ্গে সংযুক্ত করা হলোঃ | | | |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়নে এবং এনজিও কর্তৃক প্রদত্ত সেবা দৃশ্যমান ও জনবান্ধব করাসহ কুড়িগ্রাম জেলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সকলকে একযোগে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
এনজিও বিষয়ক সমন্বয় কমিটি

স্মারক নম্বর-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০১.২২- ৬৭৪

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩০ / ২১ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার.......................... (সকল), কুড়িগ্রাম।
৪. ..................................................

জেলা প্রশাসক
কুড়িগ্রাম

সংযুক্তিঃ ০১। এনজিও প্রতিষ্ঠানসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন।

| ক্রঃ নং | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রাম | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলার হতদরিদ্র ও পিছিয়ে পরা জনগোষ্ঠির ভাগ্যোন্নয়নের জন্য কাজ করে আসছে। এ জেলার ৬টি উপজেলায় তাদের কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। রাজারহাট ও উলিপুর উপজেলায় (১) সেন্টার ফর সোস্যাল ডেভেলপমেন্ট কুড়িগ্রাম (CSDK), (২) সোসাইটি ফর পিপলস ইনিসিয়েটিভস (SPI) এবং (৩) রংপুর হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (RHRDF) প্রকল্প কার্যক্রম চলমান রয়েছে। উপকারভোগীর সংখ্যা ১২,৬০০জন, শিখন কেন্দ্রের সংখ্যা ৪২০টি, বই বিতরণ ১২৬০০ সেট, শিক্ষক ও সুপারভাইজার সহায়িকা ৪৫০ সেট, সতেজিকরণ প্রশিক্ষণ ৬জন, শিক্ষকগণের বুনিয়াদি প্রশিক্ষণ ৪২০জন শিখনকেন্দ্রের উপকরণ বিতরণ ৪২০টি, শিক্ষার্থীদের উপকরণ বিতরণ ৪২০টি বিতরণ করা হয়েছে। |
| ০২ | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) উলিপুর, কুড়িগ্রাম | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর প্রতিনিধি সংস্থার কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করেন। তিনি বলেন সংস্থাটি বিভিন্ন দাতা গোষ্ঠির সহায়তায় কুড়িগ্রাম জেলার বিভিন্ন উপজেলায় উল্লেখিত প্রকল্পসমূহ বাস্তবায়ন করছে যেমন; ১) মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দ্যা চরস (এম ফোর সি), ২) সৌহার্দ্য III Plus প্রকল্প, ৩) সৌহার্দ্য III DRR প্রকল্প, ৪) স্ট্রেনদেনিং হাউজ হোল্ড অপর্চ্যুনিটি থ্রো ইওথ ইনগেজমেন্ট প্রকল্প, ৫) কমব্যাটিং ইমপ্যাক্টস অফ ক্লাইমেট চেঞ্জ ইন সিভিয়ারলি এ্যাফেক্টেড এরিয়াস অফ বাংলাদেশ (টেকসই) প্রজেক্ট, ৬) স্পন্সরশীপ প্রোগ্রাম, ৭) এনআরকে টেলিথন-চাইল্ড, নট ব্রাইড (সিএনবি), ০৮) ইকুইটেবল একসেস অব রেজিলিয়েন্স লাইফ, ৯) কমিউনিটি- বেজড রেজিলিয়েন্সওমেন ইমপাওয়ারমেন্ট এন্ড একশন। ১০) ইমপাওয়ার গার্লস থ্রো ইডুকেশন এন্ড স্কিল। অত্র সংস্থা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমুহের মাধ্যমে আগষ্ট ২০২৩ ইং মাসে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ হতে মেডিক্যাল অফিসার কালীগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয় ভিজিট করেন। তিনি কিশোরী মেয়েদের স্বাস্থ্য সচেতনতা বিষয়ে এয়ারনেস সেশন করেন এবং স্পন্সরশীপ শিশুদের স্বাস্থ্য পরিক্ষা করেন। বল্লভের খাস এবং কালীগঞ্জ ইউনিয়নের ৪টি স্কুলের শিশুদের অভিভাবকগনকে নিয়ে ২৫টি প্যারেন্টিং সেশন করা হয়। জীবন দক্ষতা উন্নয়ন বিষয়ে ট্রেনিং পরিচালনার জন্য ৪টি স্কুলে মোট ১৫টি সেশন করা হয়। মোবাইল ফোন সার্ভিসিং ও ইলেক্ট্রনিক্স রিপেয়ারিং এর উপর প্রশিক্ষণ গ্রহণ কারী ১৩জন যুব নারী উল্লেখিত বিষয়ে পেশাদারী কাজে নিযুক্ত হয়েছেন। ২১জন বেকার যুব নারীর ৩ মাসের দর্জি প্রশিক্ষণ সমাপ্ত ও ২১টি সেলাই মেশিন সেট প্রদান করা হয়েছে। উপকারভোগীগণকে প্রকল্পের মাধ্যম দ্রুত আয় বৃদ্ধিমুলক এবং ব্যবসায় শুরু ও উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ০৩ | কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রাম | কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, একটি প্রকল্প অত্র জেলায় চালু রয়েছে। উপলিপুর উপজেলায় বন্যাপ্রবণ এবং চর এলাকায় কৃষি, মৎস্য, গবাদিপশু উপজেলা প্রাণিসম্পদ অফিস এর সহযোগিতায় উপকারিতা ও প্রশিক্ষণ আয়োজন করা হয়। ৪টি ইউনিয়নে ইউডিএমসি'র সভা ও ৩টি ইউনিয়নে নেপিয়ার ঘাস উৎপাদনের ৪টি প্রদর্শনীর ব্যবস্থা করা হয়। হাতিয়া, বুড়াবুড়ি ও বেগমগঞ্জ ইউনিয়নে গবাদিপশুর জন্য ভ্যাক্সিনেশন কর্মসূচি করা হয়। |
| ০৪ | ব্র্যাক, কুড়িগ্রাম | ব্র্যাক, কুড়িগ্রামের জেলা সমন্বয়কারী চলমান প্রকল্পসমূহের কর্মসূচির চিত্র সভায় উপস্থাপন করেন। প্রকল্পসমূহ হলো: (১) মাইক্রোফাইন্যান্স কর্মসূচি, (২) ব্র্যাক শিক্ষা কর্মসূচি, (৩) ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচি, (৪) সামাজিক ক্ষমতায়ন আইন সুরক্ষা কর্মসূচি, (৫) অতিদরিদ্র কর্মসূচি, (৬) জেন্ডার জাস্টিস এন্ড ডাইভারসিটি কর্মসূচি এবং (৮) ব্র্যাক দূর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন কর্মসূচি। প্রকল্পগুলোর কার্যক্রম বিভিন্ন উপজেলায় বাস্তবায়ন অব্যাহত রয়েছে। |
| ০৫ | এসকেএস ফাউন্ডেশন, কুড়িগ্রাম সদর | এসকেএস ফাউন্ডেশন, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান তাদের সংস্থার কার্যক্রম কুড়িগ্রাম জেলায় কুড়িগ্রাম সদর, রাজারহাট ও উলিপুর উপজেলায় ৭টি ইউনিয়নে ১৫৭৮জন সদস্যের মাঝে আয়বর্ধনমূলক কার্যক্রম ঋণ কার্যক্রম স্বাস্থ্য সেবা ও বিডি রুরাল ওয়াস ফর এইচ সি ডি প্রজেক্ট স্বাভাবিকভাবে পরিচালনা করে আসছে। |
| ০৬ | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রাম | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলার দারিদ্র বিমোচন এবং জীবন যাত্রার মান উন্নয়নে দারিদ্র জনগোষ্ঠীকে স্বাবলম্বী করার লক্ষ্যে ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা। এছাড়াও সুবিধা বঞ্চিত মানুষ জনের নিরাপদ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষিভিত্তক প্রশিক্ষণ প্রদান, নারী ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক ও ব্যবসা উন্নয়ন বিষয়ে ২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। |

চলমান পাতা-২

| | | |
|---|---|---|
| ০৭ | ফ্রেন্ডশিপ, কুড়িগ্রাম | (১) ৭৪টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের ৯,৯৬৩ জনকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে, (২) ১২০টি ইপিআই সেশনের মাধ্যমে ৩,৮২৩ জন শিশু ও ৬৩৬জন নারীকে সেবা দেওয়া হয়েছে, (৩) ৮৮ জন দক্ষ মোবাইল হেলথ এফসিএম এর মাধ্যমে দুর্গম এলাকায় রোগীরাও আধুনিক প্রযুক্তি সেবা ও চিকিৎসা দেয়া হচ্ছে, (৪) শিশুর পুষ্টি বিষয়ক মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে এবং পুষ্টির ঘাটতি মোকাবিলায় প্রয়োজনীয় ব্যবস্থা চলমান রয়েছে, (৫) ১০৮জনকে জন্ম নিবন্ধন করতে সহায়তা করা হয়েছে, (৬) ২ টি চর থিয়েটার প্রদর্শনের মাধ্যমে জনসাধারণ এর মাঝে সচেতনতা বৃদ্ধি করা হয়েছে, (৭) প্রাথমিক ২৪৩২জন (বালিকা-১১২৩, বালক-১৩০৯), বয়স্ক- ৬৮০ জন শিক্ষা লাভ করেছে, (৮) দরিদ্র কৃষিজীবিরা আধুনিক প্রযুক্তির ব্যবহারে সহায়তা করা হচ্ছে, (৯) তাঁত সেন্টার-৩টি, সেলাই প্রশিক্ষণ কেন্দ্র-২টি ও এমব্রয়ডারী কেন্দ্র-১টি স্থাপন করা হয়েছে। এতে ১৩৫জন নারীর কর্মসংস্থান ও সামাজিক মর্যাদা বৃদ্ধি হয়েছে, (১০) সোলার প্যানেল ব্যবহারে উদ্বুদ্ধ করা হয়েছে, (১১) ৬টি ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে, (১২) ৩টি ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম শুরু করা হয়েছে, (১৩) দুর্যোগের ঝুকি হ্রাসে তারা কাজ করছেন, এবং (১৪) কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়তা প্রদান করছেন। |
| ০৮ | সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম। | সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান টিআইবি এরিয়া কোর্ডিনেটর সভায় জানান, কুড়িগ্রামে ৫ বছর মেয়াদী **ÒParticipatory Action against Corruption: Towards Transparency and Accountability (PACTA)Ó** প্রকল্পের কাজ চলমান রয়েছে। চলতি জুলাই মাসে সনাকসভা, ইয়েসসভা, ৪টি উপকমিটির সভা হয়েছে। বেলগাছা বরকাতিয়া উচ্চ বিদ্যালয় এবং গয়ারি সানরাইজ প্রাথমিক বিদ্যালয়ের বেজলাইন সম্পন্ন করা হয়েছে। জেলা স্বাস্থ্য বিভাগের সাথে সভা করা হয়েছে। গয়ারি সানরাইজ প্রাথমিক বিদ্যালয় এবং পাঁচগাছি ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্রে গঠিত একটিভ সিটিজেন্স গ্রুপ (এসজি) কর্তৃপক্ষের সাথে প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা নিয়ে মতবিনিময় সভা করা হয়েছে। |
| ০৯ | ইএসডিও, কুড়িগ্রাম | ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থার তত্বাবধানে সাত টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পের চলমান কার্যক্রম সভায় উপস্থাপন করেন। ১. Provati GALS Project প্রকল্পের উপকারভোগী সংখ্যা ৪,৩২০জন ও ২,৫৩৬জন, ২. SEEDS (Socio Economic Empowerment with Dignity and Sustainability প্রকল্পের উপকারভোগী পরিবার ৩,০০০জন, ৩. Gender Renponsive School & Community Sefety Initiative (GRSCSI)Project প্রকল্পের উপকারভোগী সংখ্যা ১৪,৪২৮জন, ৪. Community Support Inclusive equitable education across School in Kurigram প্রকল্পের উপকারভোগী সংখ্যা ৩,৪০৫জন, ৫. Pathways to Prosperity for Extremely Poor People (PPEPP) প্রকল্পের উপকারভোগী সংখ্যা ২৩,৪৭৭জন, ৬. kurigram dairy value chain project প্রকল্পের উপকারভোগী সংখ্যা ১৩০জন এবং ৭. MF (Micro Finance) প্রকল্পের উপকারভোগী সংখ্যা ১,৩৭২জন। |
| ১০ | সলিডারিটি, কুড়িগ্রাম | সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি জানান যে ১) Micro Credit Program, ২) Women Empowerment and Income generation project, ৩) Basic Literacy (64 Districts), ৪) Monsoon Flood Response Project, ৫) Empowering Local and National Humanitarian Actors (ELNHA), ৬) Y-MOVES, ৭) Wish2Action Project, ৮) Safety Wings, ৯) চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প, ১০) Bangladesh Health Watch, ১১) Alternative Learning Program(ALP) ১২)Sports for protection resilience and transformation এবং ১৩)BRAC KFW project প্রকল্পগুলোর কার্যক্রম চলমান রয়েছে। ১২টি ইউনিয়নে পরিবেশ দিবস ও জনসংখ্যা দিবস উদ্‌যাপন করা হয়েছে। জলবায়ু পরিবর্তেনের পদক্ষেপ হিসেবে ৪০০ শত গাছ লাগানো হয়েছে। নারীদের উঠান বৈঠক দুযোর্গ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তেন, আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড, নারীর অধিকার, বাল্য বিবাহ প্রতিরোধ, ডেংগু প্রতিরোধ, দক্ষতা বৃদ্ধিমূলক প্রক্ষিক্ষণ বিষয়ে সচেতনামূলক সভা করা হয়েছে। ৪০জন মৃদু প্রতিবন্ধী নারী ও পুরুষের ৪ মাস ব্যাপী প্রশিক্ষণ চলমান রয়েছে। প্রকল্পের নারী ক্ষমতায়নের জন্য ৩৫২জন নারীকে এককালীন মোট ২৭,৪৫,১০০/- কৃষি, অকৃষি ও তাঁত কাজের জন্য প্রদান করা হয়েছে। |

চলমান পাতা-৩

| | | |
|---|---|---|
| ১১ | সেন্টার ফর সোস্যাল ডেভলপম্যান্ট-(সিএসডিকে) | সিএসডিকে, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম জেলার ৬টি উপজেলায় বিভিন্ন প্রকল্পের সহযোগিতায় আউট অব স্কুল এডুকেশন প্রোগ্রাম প্রত্যক্ষ উপকার ভোগীর সংখ্যা ৪,২০০জন, দারিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি প্রত্যক্ষ উপকার ভোগীর সংখ্যা ২,১৯৫জন, প্রাথমিক চিকিৎসা ও বিনামূল্যে ঔষুধ বিতরণ প্রোগ্রাম প্রত্যক্ষ উপকার ভোগীর সংখ্যা ২৬,০০০জন। এছাড়াও, রৌমারী ও চর রাজিবপুর উপজেলায় শিক্ষকদের সাথে মাসিক সমন্বয় সভা, ১৪০টি শিখন কেন্দ্রের জন্য সিএমসি'র সাথে মাসিক সভা, অভিভাবকদের সাথে সভা করা হয়। এছাড়াও, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে আলোচনা ও দোয়া মাহফিল আয়োজন করা হয়। শিক্ষার্থীদের ডেঙ্গু মশা থেকে সুরক্ষিত থাকতে সচেতন করা। ৩৬টি দলে নারী নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ, একবার ডাক্তারের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান ও বিনামূল্যে ঔষুধ বিতরণ। |
| ১২ | সাজেদা ফাউন্ডেশন, কুড়িগ্রাম | সাজেদা ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনা মাধ্যমে চিলমারী উপজেলায় অষ্টমীর চর ইউনিয়নের ০৮ টি চরে ০৮টি গুরুপে ২৮০জন উপকারভোগীদেরকে ০২টি করে জীবিকায়ন উপকরণ দ্বারা বৃদ্ধি এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠক করা হয়। এছাড়াও, ০৮টি স্ট্যাটিক ক্লিনিকের মাধ্যমে ১৩৪টি পরিবারের ১৫৯ জনকে বিনামূল্যে স্বাস্থ্য সেবা এবং ঔষধ প্রদান করা হয়। অষ্টমীর চর ইউনিয়নে ০১টি মেডিকেল ক্যাম্প পরিচালনা করে ৫টি গুরুপে ৪২টি পরিবারের ৪৯জন কে বিনামূল্যে স্বাস্থ্য সেবা এবং ঔষধ প্রদান করা হয়। রৌমারী উপজেলায় ০৮ টি চরে ০৮টি গুরুপে ২৮০জন উপকারভোগীদেরকে ০২টি করে জীবিকায়ন উপকরণ দ্বারা বৃদ্ধি এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠক করা হয়। এছাড়াও, ০৮টি স্ট্যাটিক ক্লিনিকের মাধ্যমে ১২২টি পরিবারের ১৫১ জনকে বিনামূল্যে স্বাস্থ্য সেবা এবং ঔষধ প্রদান করা হয়। যাদুরচর ইউনিয়নে ০১টি মেডিকেল ক্যাম্প পরিচালনা করে ৮টি গুরুপে ৪৪টি পরিবারের ৬৫জন কে বিনামূল্যে স্বাস্থ্য সেবা এবং ঔষধ প্রদান করা হয়। |
| ১৩ | টিডিএইচ ইটালি, কুড়িগ্রাম | টেরেডেস হোমস ফাউন্ডেশন ইটালি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান চিলড্রেন এডভ্যান্সমেন্ট প্রজেক্ট (ক্যাপ) জেলা প্রকল্পের কার্যক্রমের ধরণ: ক) স্পনসরশীপ সহায়তা প্রকল্প (প্রাথমিক বিদ্যালয়), ও খ) স্পনসরশীপ সহায়তা প্রকল্প (প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান) (১) কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলার অন্তর্গত বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যায়নরত মোট ১০২ জন শিক্ষার্থীকে শিক্ষা সহায়তা যেমন- সাদা কাগজ, কলম, খাতা (বাংলা , ইংরেজী, অংক ও ড্রইং) এবং অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে, (২) কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলার অন্তর্গত বিভিন্ন সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে এবং মহাবিদ্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যায়নরত ১১৩ জন কিশোরি এবং ৬৯ জন কিশোর মোট ১৮২ জনকে শিক্ষা সহায়তা যেমন- খাতা ও কলম সহ অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে, (৩) স্পনসরশিপ কর্মসূচির অধীন সকল শিক্ষার্থী ও অভিভাবককে নিয়ে মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে, (৪) কুড়িগ্রাম জেলার অন্তর্গত চিলমারী উপজেলায় একটি এবং কুড়িগ্রাম পৌরসভায় একটি মোট ২টি কিশোর-কিশোরি ক্লাবের কার্যক্রম অব্যাহত রয়েছে। উক্ত কার্যক্রমের মধ্যে রয়েছে জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ, বই পড়া, দৈনিক পত্রিকা পড়া, খেলাধুলা ও আলোচনা, (৫) ১ম শ্রেণির শিশুদেরসহ পাঠ্যক্রমের ক্লাস সপ্তাহে দুই দিন পরিচালনা অব্যাহত রয়েছে। স্কুল ছুটির পরে শিশুদের সহ-পাঠ্যক্রমের ক্লাস পরিচালনা করা হয়। |
| ১৪ | ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি), কুড়িগ্রাম | ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) বিল্ডিং রেজিলিয়েন্স টু এাসিভ জিরো হাংগার (ব্রাজ) প্রকল্পের মাধ্যমে চিলমারী এবং উলিপুর উপজেলার প্রত্যক্ষ ৩,৯৫১জন উপকারভোগীর মাঝে কার্যক্রম পরিচালনা করা হয়। এক্সটেন্ডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ প্রজেক্ট-ফ্লাড প্রকল্পের মাধ্যমে প্রত্যক্ষ ১৫,৩০০জন উপকারভোগীর মাঝে কার্যক্রম পরিচালনা। এনডিপি এমফোরসি প্রকল্পের মাধ্যমে ১,০০০ জন প্রত্যক্ষ উপকারভোগীর মাঝে কার্যক্রম পরিচালনা করেন। |
| ১৫ | টেরেডেস হোমস্ ফাউন্ডেশন, হাসপাতাল রোড, কুড়িগ্রাম | টেরেডেস হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম, উলিপুর ও চিলমারী উপজেলায় জুলাই মাসে কমিউনিটি সেনসেটাইজেশনের লক্ষ্যে ও প্রকল্প সম্পর্কে পারস্পারিক সমন্বয়ের উদ্দেশ্যে বাড়ি পরিদর্শন ৭,১৪২, সরকারি-বেসরকারি বিভিন্ন পর্যায়ের স্টেকহোল্ডারদের সাথে যোগাযোগ ১২১, বেইসলাইনেরর জরীপ পরিচালনা ও তথ্য সংগ্রহ ৪,৪৫০টি, বেইসলাইন সার্ভের অংশ হিসেবে ৩টি (FGD), (DI), ৩টি (IDI) ৩টি পরিচালনা করা হয়। জেলা ও উপজেলা প্রশাসনের সাথে ৫টি মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণ করা হয়। সংস্থার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। |

| | | |
|---|---|---|
| ১৬ | গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রাম | গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান গণস্বাস্থ্য নাগেশ্বরী, উলিপুর, কুড়িগ্রাম গণস্বাস্থ্য উপকেন্দ্রে মাসিক স্বাস্থ্যসেবা পরিচালিত হচ্ছে এবং স্বাস্থ্য সেবা ক্লিনিকে সেবা প্রদান, গর্ভবতী সেবা, প্রসূতি ও শিশু, স্বাভাবিক ডেলিভারী, বয়স্ক সেবা, গর্ভবতী ক্যাম্প, স্বাস্থ্য ক্যাম্প, টিবিএ,প্যাথলজি পরিক্ষা ফিজিওথেরাপি সেবা প্রদান কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ১৭ | ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ | ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ প্রজেক্ট ম্যানেজার সভায় তাদের সংস্থার কার্যক্রম উপস্থাপন করেন। প্রত্যাশা (প্রোটেকটিং ওম্যান এন্ড চিল্ড্রেন ফ্রম এবিউজ থ্রো সেল্ফ-হেল্প এপ্রোচ) চিলমারী উপজেলার থানাহাট, রমনা ও রানীগঞ্জ ইউনিয়নে কার্যক্রম চলমান রয়েছে। (১) ৩টি দলে ৬০ জন আত্মসহায়ক দলের সদস্যকে লক্ষ্য নির্ধারণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়, (২) ৩টি দলে ৬০ জনকে আত্মসহায়ক দলের সদস্যকে মনিটরিং ও রিপোটিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং (৩) ৩টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ৬০ জন আত্মসহায়ক দলের সদস্যকে কার্যকরী যোগাযোগ সম্বন্ধে জ্ঞান লাভ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। |
| ১৮ | সেন্টার ফর ডিজএবিলিটি ইন ডেভেলপম্যান্ট-(সিডিডি) | সিডিডি, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম সদর উপজেলার যাত্রাপুর ইউনিয়নে ১.প্রতিবন্ধিতা অন্তর্ভূক্তিমূলক দুর্যোগ ঝুঁকিহ্রাসে কার্যক্রম, ২. স্বাস্থ্য ক্যাম্প যাত্রাপুর ইউনিয়নে ১টি, ৩. ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা ৯টি, ৪. যাত্রপুর ইউনিয়নে ৩টি স্ব-সহায়ক দলের সভা করা , ৫. বিশ্ব মানবতা দিবস পালন, ৬. জাতীয় শোক দিবস পালন, ৭. ১০০টি গাছের চারা বিতরণ করা হয়। |
| ১৯ | এইড কুমিল্লা, কুড়িগ্রাম | এইড কুমিল্লা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলায় ৮টি প্রকল্পে তাদের সংস্থার কার্যক্রম চিলমারী, রৌমারী, চর রাজিবপুর ও নাগেশ্বরী উপজেলায় স্ট্রেনদেনিং কমিউনিটিস/ইমপ্রুভিং লাইভস এন্ড লাইভলিহুডস প্রোগ্রামে প্রত্যক্ষ উপকারভোগীর ৫,৮০০জন এছাড়াও, সংস্থাটির অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করে আসছে। |
| ২০ | টিএমএসএস, কুড়িগ্রাম | টিএমএসএস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে বর্তমানে কুড়িগ্রাম জেলায় ১৫টি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। (১) সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচিঃ স্বাস্থ্য বিষয়ক সচেতনতা ও বাল্য বিবাহ প্রতিরোধ, (২) সোলার প্যানেলঃ চর রাজিবপুর উপজেলায় টিআর/কাবিখা কার্যক্রম চলমান রয়েছে, (৩) স্বাস্থ্যসেবা: নাগেশ্বরী উপজেলার পায়রাডাঙ্গা বাজারে "টিএমএসএস সাহেরা ওয়াসেক" হাসপাতাল চালু করা হয়েছে। (৪) পিপিইপিপি প্রকল্পের উদ্দেশ্যঃ কুড়িগ্রাম সদর উপজেলায় অতিদরিদ্র জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নতির সহযোগিতা প্রদান করা। |
| ২১ | কেডিএবি, কুড়িগ্রাম | কেডিএবি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান বর্তমানে কেডিএবি-কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট কার্যক্রম উলিপুর ও চিলমারী উপজেলায় চলমান রয়েছে। একটি প্রাথমিক বিদ্যালয়ে ২২৮জন ও একটি মাধ্যমিক বিদ্যালয়ে ২৩৯জন শিক্ষার্থীদের দেশী/বিদেশী শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। ২০টি কম্পিউটার বিশিষ্ট ল্যাব মাল্টিমিডিয়া সিস্টেমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কুষ্ঠরোগী পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে। দুঃস্থ ও গরীব পরিবারের সন্তানদের জন্য মানসম্মত প্রাথমিক ও নিম্নমাধ্যমিক শিক্ষা ব্যবস্থা চালু রয়েছে। কুষ্ঠরোগীসহ এলাকার বেকার যুবক-যুবতীদেরকে পোল্ট্রি, ফিসারী, গরু মোটাতাজাকরণ, ছাগল পালন, কৃষি ও মানসিক উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। |
| ২২ | মানব কল্যাণ সংস্থা (এমকেএস) কুড়িগ্রাম | মানব কল্যাণ সংস্থা (এমকেএস) কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলায় ফুলবাড়ী, নাগেশ্বরী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সদর, রৌমারী, উলিপুর এবং রাজিবপুর উপজেলায় (১) চর অঞ্চলে বেকার যুবক-যুবতীদের কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে আয় বৃদ্ধিকরণ প্রকল্প, (২) স্বাস্থ্য সেবা প্রোগ্রাম এর মাধ্যমে সমাজের নারী, প্রতিবন্ধি, (৩) শিশুদের, বিশেষ করে সুবিধা বঞ্চিত মানুষদের দারিদ্র দুর করার মাধ্যমে যেখানে জীবন যাত্রার অবস্থার উন্নতি করতে দারিদ্র ও প্রান্তিক মানুষের সাথে কাজ করা এবং (৪) জলবায়ু পরিবর্তন, দুর্যোগ ব্যবস্থাপনা, সক্ষমতা, কৃষি ও জীবিকায়ন ও সক্ষমতা বৃদ্ধি, (৫) প্রান্তিক ও অসহায় জনগোষ্ঠির মাঝে বিনামূল্যে তেল সার, বীজ এবং কৃষি উপকরণ বিতরন, (৬) কৃষকদের আধুনিকায়নের জন্য কৃষির উপর বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান এবং (৩) খাদ্য ও পুষ্টি স্কীল ডেভেলপমেন্ট কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |

চলমান পাতা-৫

| | | |
|---|---|---|
| ২৩ | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রাম | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান মরিয়ম চক্ষু হাসপাতালে ৩,০৪৯ জন রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। রোগী বাছাই কর্মসূচিতে চক্ষু রোগীর চিকিৎসা ৭,০৯৩ জন। চোখের ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) ৫৯২ জন। সাধারণ অপারেশন- ১২০ জন, সাধারণ হতদরিদ্র/দরিদ্র/নিম্নমধ্যবিত্ত ছানি রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) করেছে ৪৩০ জন। ধনী রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) করেছে ১৬২ জন। চশমা পরীক্ষা করা হয়েছে ৩,৬১২ জন। ফ্রি চশমা বিতরণ করা হয়েছে ৪৭৯ জনকে। গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ১৩ জন গর্ভবতী মায়ের চেক-আপ, ৭১ জন মায়ের নিরাপদ প্রসব, ১৬৭ জন সিজার-৩৪ জন গর্ভবতী মাকে টিটি টিকা, ৪ জন শিশুকে ইপিআই, ৭৮ জনকে টিকা প্রদান করা হয়েছে এবং ১৩২ জন নবজাতকের রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। |

১৪.৭.১৭

(রেদওয়ান ইসলাম)
সহকারী কমিশনার
সাধারণ শাখা
ফোন নং-০২৫৮৯৯৫০০৪৪
ই-মেইল: acgenkurigram@mopa.gov.bd